দৈনিক সংবাদ

337

239

তারিখ ... 14 DEC 1998

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২

## প্রধানমন্ত্রী সমীপে ঃ এসএসসি পরীক্ষার্থীদের নিকট থেকে উচ্চহার ফি গ্রহণ প্রসঙ্গে

প্রতি বছর এসএসসি ফরম পূরণের সময় পরীক্ষার্থীদের নিকট থেকে প্রতিটি বিদ্যালয় উচ্চহারে ফি গ্রহণ করে থাকে। কিন্তু প্রতি বছর সরকার উচ্চমাধ্যমিক বিদ্যালয়সমূহকে আর্থিক সাহায্য দিয়ে থাকেন। তথাপি বিদ্যালয়গুলো অভি-ভাবকগণকে আর্থিকভাবে হয়রানি করে থাকেন। আমার মেয়ে সিভিল এভিয়েশন উচ্চবিদ্যালয়ে (জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর, কাওলা, ঢাকা) পড়ে। আমি একজন অভিভাবক। এ বছর ফরম পূরণের জন্য আমাকে ২৩০০/= টাকা টাকা প্রদান করতে হয়েছে। নিম্নবর্ণিত হারে ফি নেয়া হয়েছে। যথা– বেতন জানু–মার্চ তিন মাস ৩০০ টাকা, সেসন ফি ৬০০ টাকা, বোর্ড ফি ৬০০ টাকা ও কোচিং ফি ৮০০ টাকা। তাহলে দেখা যাচ্ছে এক একটি বিদ্যালয় হতে ২০০ থেকে ৩০০ পরীক্ষার্থী ফরম পূরণ করে থাকে। তাই এভাবে কি পরিমাণ অধিক অর্থ আদায় করা হয় তা সহজেই অনুমান করা চলে।

তাই প্রধানমন্ত্রীর নিকট আমাদের আবেদন, তিনি যেন বিষয়টি বিবেচনা করেন। শিক্ষামন্ত্রীর দৃষ্টিও এদিকে আকর্ষণ করছি। উচ্চমাধ্যমিক বিদ্যালয়সমূহ কোন্ খাতে কী পরিমাণ ফি ধার্য করবে, তৎসম্পর্কে একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রয়োজন। স্বেচ্ছাচারমূলকভাবে বাড়তি ফি আদায়ের সুযোগ তখন থাকবে এবং অভিভাবকদেরও আর্থিকভাবে হয়রানি হতে হবে না।

অভিভাবক হিসেবে আমাদের আবেদন যে, আগামী বছর থেকে যেন একটি সুষ্ঠু নীতিমালা এ ব্যাপারে গ্রহণ করেন সরকার। কারণ, প্রতি বছরই এসএসসি পরীক্ষার্থীরা ফরম পূরণ করতে যেয়ে এভাবে আর্থিক হয়রানির শিকার হয় এবং তার সবটাই অভিভাবকদের পোহাতে হয়।

তাই মাননীয় প্রধানমন্ত্রীর এ ব্যাপারে সরাসরি হস্তক্ষেপ কামনা করি।

ওবায়দুস সালাম খান
হলান, দক্ষিণখান
উত্তরা, ঢাকা।